



নাটোরে বিএনপি-জামায়াত সমর্থকদের সংঘর্ষে আহত ৬



বিএনপি-জামায়াত সংঘর্ষ। ছবি: সংগৃহীত

নাটোরের বড়াইগ্রামে বিএনপি ও জামায়াতের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। গোলাগুলিসহ এই ঘটনায় উভয় পক্ষের অন্তত ছয়জন আহত হয়েছেন। শনিবার (১৪ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০টার দিকে বড়াইগ্রাম উপজেলার ধানাইদহ পূর্বপাড়া এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। সংঘর্ষে ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আসাব সরকার এবং নগর ইউনিয়ন জামায়াতের আমির হাসিনুর রহমান গুরুতর জখম হন। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, আগের দিন শুক্রবার বিকেলে ধানাইদহ বাজারে নির্বাচনকেন্দ্রিক বিরোধের জেরে জামায়াত কর্মী সাব্বিরকে মারধরের অভিযোগ ওঠে বিএনপি সমর্থকদের বিরুদ্ধে। এর পাল্টা প্রতিক্রিয়ায় শনিবার সকালে বিএনপি নেতা আসাব সরকারের ওপর হামলা চালানো হয় বলে দাবি করা হয়েছে। এর পরপরই দুই পক্ষের কর্মীরা মুখোমুখি সংঘর্ষে জড়িয়ে পড়েন। একপর্যায়ে কয়েক দফা গুলির শব্দ শোনা যায়। এতে নগর ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি হাসিনুর রহমানসহ অন্তত ছয়জন আহত হন। পাশাপাশি পাঁচ থেকে ছয়টি বাড়িতে ভাঙচুরের ঘটনাও ঘটে। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহতদের উদ্ধার করে দুজনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে এবং অন্যদের ঈশ্বরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি সামাল দিতে সেনাবাহিনী, আনসার, পুলিশ ও বিজিবি সদস্যরা এলাকায় অবস্থান নিয়েছেন। বর্তমানে সেখানে অতিরিক্ত আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন রয়েছে এবং পরিবেশ এখনও উত্তেজনাপূর্ণ।